# খুলনা ওয়াসার পানির সংযোগ গ্রহণ করার ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাদি

০১। ৫০.০০ (পঞ্চাশ) টাকার বিনিময়ে আবেদন ফর্ম খুলনা ওয়াসা ভবন হতে সংগ্রহ করতে হবে। আবেদনপত্রে স্পষ্টভাবে আবেদনকারীর স্বাক্ষরসহ সম্পূর্ণ নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, চৌহদ্দি, মোবাইল নম্বরসহ অন্যান্য চাহিত তথ্যাদি উল্লেখ করতে হবে।

০২। **বাসগৃহ / প্রতিষ্ঠানে পানির আন্ডারগ্রাউন্ড রিজার্ভার থাকতে হবে।**

০৩। **আবেদন ফর্মের সঙ্গে আবেদনকারীর নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবেঃ**

i) পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি।

ii) জাতীয় পরিচয়পত্র/নাগরিক সনদপত্র/জন্মনিবন্ধন সনদপত্র/পাসপোর্ট এর **সত্যায়িত** কপি।

iii) জমির দলিল/পর্চা/মিউটেশন এর **সত্যায়িত** কপি।

iv) উত্তরাধিকার সূত্রে মালিক হলে ওয়ারেশকায়েম সার্টিফিকেটের **সত্যায়িত** কপি। একাধিক ওয়ারেশ থাকলে অন্যান্য ওয়ারেশগণের স্বাক্ষরিত অনাপত্তিনামা (ওয়ার্ড কাঙ্গিলরের সুপারিশসহ) দাখিল করতে হবে।

v) সরকার বা অন্য কোন সংস্থা থেকে ভূমি বরাদ্দ দেওয়া হলে ভূমি বরাদ্দের সার্টিফিকেটের সংশ্লিষ্ট কর্মকর্তা/মালিক কর্তৃক **সত্যায়িত** কপি দাখিল করতে হবে।

vi) হোল্ডিং ট্যাক্সের **সত্যায়িত** কপি (হোল্ডিং নম্বর না থাকলে নিকটবর্তী হোল্ডিংয়ের ট্যাক্সের কপি) দাখিল করতে হবে ।

০৪। খুলনা সিটি কর্পোরেশন/সড়ক ও জনপথ/এল.জি.ই.ডি কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট রাস্তা খননের **মূল ছাড়পত্র**। এক্ষেত্রে খুলনা ওয়াসা হতে খুলনা সিটি কর্পোরেশন/এল.জি.ই.ডি/সড়ক ও জনপথ বিভাগে পত্র ইস্যু করা হবে। গ্রাহক তার নিজ দায়িত্বে রাস্তা খননের ক্ষতিপূরণের অর্থ সংশ্লিষ্ট দপ্তরে জমা দিয়ে **ছাড়পত্র গ্রহণ করত: খুলনা ওয়াসায় জমা দিতে হবে।**

০৫। **রাস্তা কাটার ক্ষতিপূরণের অর্থ ও লেবার মজুরী ব্যতীত সংযোগের মালামাল ও পানির মিটার বাবদ ডিমান্ড নোটিশের অর্থ জনতা ব্যাংকের কর্পোরেট শাখা/আলমনগর শাখা/দৌলতপুর শাখায় খুলনা ওয়াসার অ্যাকাউন্টে জমা দিয়ে তার রশিদ খুলনা ওয়াসায় দাখিল করতে হবেঃ**

ক) ২০ মি.মি. ব্যাসের সংযোগের জন্য প্রায় ১০,০০০/- থেকে ১২,৫০০/-

খ) ২৫ মি.মি. ব্যাসের সংযোগের জন্য প্রায় ১০,৫০০/- থেকে ১৩,০০০/-

গ) ৪০ মি.মি. ব্যাসের সংযোগের জন্য প্রায় ১৬,০০০/- থেকে ২১,০০০/-

ঘ) ৫০ মি.মি. ব্যাসের সংযোগের জন্য প্রায় ২২,০০০/- থেকে ৩২,০০০/-

**বিঃ দ্রঃ** মেইন পাইপ, সংযোগ পাইপের ব্যাস ও প্রকৃত দৈর্ঘ্যের উপর ভিত্তি করে উপরোক্ত অর্থের পরিমাণ নির্ধারিত হবে।

- স্বাক্ষরিত

নির্বাহী প্রকৌশলী

খুলনা ওয়াসা, খুলনা।